রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**বিদ্যুৎ বিভাগ**
**সমন্বয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/২৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস. আর.ও. নম্বর ৪১-আইন/২০২৪।**—সরকার, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩নং আইন) এর ধারা ৩৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, ভর্তুকি সমন্বয়ের লক্ষ্যে, জনস্বার্থে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) কর্তৃক বিভিন্ন বিতরণ সংস্থা বা কোম্পানিকে সরবরাহকৃত বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার নিম্ন সারণিতে বর্ণিত হারে এবং নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে পুনঃনির্ধারণ করিল, যথা:—

**সারণি**

**বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার**

| | বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ | বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার (টাকা/কি.ও.ঘ.) |
|---|---|---|
| ১। | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিতরণ অঞ্চলসমূহ | |
| | ২৩০ কেভি | ৮.৪৪৪০ |
| | ১৩২ কেভি | ৮.৪৭৩৫ |
| | ৩৩ কেভি | ৭.৬২৯৫ |


মূল্য : টাকা ৪.০০

| বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ | | বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার (টাকা/কি.ও.ঘ.) |
|---|---|---|
| ২। | **বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ** | |
| | ২৩০ কেভি | ৮.৪৪৪০ |
| | ১৩২ কেভি | ৮.৪৭৩৫ |
| | ৩৩ কেভি | ৬.২৩২৫ |
| ৩। | **ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড** | |
| | ২৩০ কেভি | ৮.৪৪৪০ |
| | ১৩২ কেভি | ৮.৪৭৩৫ |
| | ৩৩ কেভি | ৮.৫৬০০ |
| ৪। | **ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি লিমিটেড** | |
| | ২৩০ কেভি | ৮.৪৪৪০ |
| | ১৩২ কেভি | ৮.৪৭৩৫ |
| | ৩৩ কেভি | ৮.৫৮৮০ |
| ৫। | **ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড** | |
| | ২৩০ কেভি | ৮.৪৪৪০ |
| | ১৩২ কেভি | ৮.৪৭৩৫ |
| | ৩৩ কেভি | ৭.৪৬৭৫ |
| ৬। | **নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড** | |
| | ২৩০ কেভি | ৮.৪৪৪০ |
| | ১৩২ কেভি | ৮.৪৭৩৫ |
| | ৩৩ কেভি | ৭.০৪৫০ |

**শর্তাবলি:**

(১) বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানিসমূহের ২৩০, ১৩২ ও ৩৩ কেভি বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯০ ল্যাগ এর কম রেকর্ড হইলে নিম্নবর্ণিত হারে সারচার্জ প্রযোজ্য হইবে, যথা:—

(ক) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯০ ল্যাগ এর অব্যবহিত নিম্ন হইতে পিএফ ০.৮৮ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ০.৫০% (শূন্য দশমিক পাঁচ শূন্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হইবে;

(খ) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮৮ ল্যাগ এর অব্যবহিত নিম্ন হইতে পিএফ ০.৮০ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১% (এক শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হইবে;

(গ) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮০ ল্যাগ এর অব্যবহিত নিম্ন হইতে পিএফ ০.৭৫ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.৫০% (এক দশমিক পাঁচ শূন্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হইবে;

(২) বিলম্বে পাইকারি বিদ্যুৎ বিল পরিশোধে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানির ক্ষেত্রে বিলম্ব পরিশোধ মাশুল মাসে ১% (এক শতাংশ) সরল হারে অপরিবর্তিত থাকিবে;

(৩) পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের আর্থিক, ভৌগোলিক ও অন্যান্য পরিপ্রেক্ষিত বিবেচনা করিয়া নীট রাজস্ব চাহিদা নিরূপণপূর্বক বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), বিদ্যুৎ বিভাগের পূর্বানুমোদন গ্রহণপূর্বক, প্রত্যেক পল্লী বিদ্যুৎ সমিতির ভিন্ন ভিন্ন পাইকারি (বাল্ক) মূল্যহার নির্ধারণ করিবে যাহার ভারিত গড় বিদ্যুৎ বিভাগ কর্তৃক বাপবিবো এর জন্য নির্ধারিত ভারিত গড় পাইকারি (বাল্ক) মূল্যহারের সমান হইবে।

২। ৩০ জানুয়ারি, ২০২৩ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও. নম্বর ২৩-আইন/২০২৩ এতদ্দ্বারা রহিত করা হইল এবং রহিত প্রজ্ঞাপনের অধীন কোনো কার্যক্রম বা মামলা চলমান থাকিলে উহা উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী নিষ্পত্তি হইবে।

৩। এই প্রজ্ঞাপনের অধীন পুনঃনির্ধারিত বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার বিল মাস ফেব্রুয়ারি, ২০২৪ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নবীরুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**বিদ্যুৎ বিভাগ**
**সমন্বয়-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/২৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস. আর.ও. নম্বর ৪২-আইন/২০২৪।**—সরকার, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩নং আইন) এর ধারা ৩৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, বিদ্যুতের নিরবিচ্ছিন্ন সঞ্চালন নিশ্চিতকরণ এবং মূল্যহার সমন্বয়ের লক্ষ্যে, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) এর বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) নিম্ন সারণিতে বর্ণিত হারে এবং নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে পুনঃনির্ধারণ করিল, যথা:—

**সারণি**

**বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ)**

| ভোল্টেজ লেভেল | | বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (টাকা/কি.ও.ঘ.) |
|---|---|---|
| ১। | ২৩০ কেভি | ০.৩০৫৭ |
| ২। | ১৩২ কেভি | ০.৩০৮৬ |
| ৩। | ৩৩ কেভি | ০.৩১৪৪ |

**শর্তাবলি:**

(১) পিজিসিবি গ্রীড কোড যথাযথভাবে অনুসরণ করিবে এবং সকল ক্ষেত্রে উহা বাস্তবায়ন করিবে;

(২) পিজিসিবি মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ভোল্টেজ প্রোফাইল ঠিক রাখিবার জন্য যথাযথ সমীক্ষার মাধ্যমে প্রয়োজনীয় Reactive Power Compensation এর ব্যবস্থা গ্রহণ করিবে;

(৩) পিজিসিবি সমগ্র সঞ্চালন নেটওয়ার্কে N-1 Security নিশ্চিতকরণের লক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহণ করিবে;

(৪) পিজিসিবি বিদ্যুতের একক ক্রেতা এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানিসমূহের সহিত সমন্বয় করিয়া গ্রীড নেটওয়ার্ক সম্প্রসারণ এবং যথাযথ স্থানে সঠিক ক্যাপাসিটির গ্রীড উপকেন্দ্র (বিতরণ সংস্থা/কোম্পানিসমূহে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় অবকাঠামোসহ) স্থাপন করিবে;

(৫) পিজিসিবি কমিশন কর্তৃক নির্ধারিত ছকে উৎপাদন প্রান্ত হইতে গ্রীডে প্ল্যান্টভিত্তিক বিদ্যুৎ গ্রহণের পরিমাণ, প্ল্যান্টভিত্তিক নন-গ্রীড বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ, ট্রান্সমিশন লস, বিতরণ সংস্থা/কোম্পানিভিত্তিক বিদ্যুৎ সঞ্চালনের পরিমাণ এবং বিদ্যুৎ সঞ্চালন আয়ের পরিমাণ মাসভিত্তিক কমিশনে প্রেরণ করিবে;

(৬) পিজিসিবি অবচয় খাতে সংগ্রহীত সমুদয় অর্থ প্রচলিত নিয়ম অনুসরণপূর্বক স্বতন্ত্র ব্যাংক হিসাবে জমা নিশ্চিত করিবে।

২। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক ২৭ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে জারিকৃত বিইআরসি আদেশ নং ২০২০/০৩ এতদ্দ্বারা রহিত করা হইল এবং রহিত আদেশের অধীন কোনো কার্যক্রম বা মামলা চলমান থাকিলে উহা উক্ত আদেশ অনুযায়ী নিষ্পত্তি হইবে।

৩। এই প্রজ্ঞাপনের অধীন পুনঃনির্ধারিত বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার বিল মাস ফেব্রুয়ারি, ২০২৪ হইতে কার্যকর হইবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নবীরুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd